

কার্তিক মাসে কৃষক ভাইদের করণীয়

আমন ধান:

- রোপা আমনে বিপিএইচ এর উপস্থিতি নিশ্চিত করার জন্য আলোক ফাঁদ ব্যবহার করমন। আক্রমণ লড়ায় করা গেলে অনুমোদিত সঠিক মাত্রায় গাছের গোড়ার দিকে ভালোভাবে স্প্রে করতে হবে। সাথে সাথে জমির পানি দ্রুত অপসারণ করতে হবে।
- আমন ধানের জমিতে মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা, পাতা পোড়া ও খোল পোড়া রোগের আক্রমণ নিয়মিত পর্যবেক্ষণ করমন এবং প্রতিকারের ব্যবস্থা নিন।
- এ মাসে আগাম জাতের আমন ধান পাকা শুরু হয়, ৮০ ভাগ ধান পেকে গেলে রোদেলা দিন দেখে ধান কাটতে হবে।

গম:

- কার্তিক মাসের দ্বিতীয় পঞ্জা থেকে গম বীজ বপনের প্রস্তুতি নিতে হয়।
- দে-আঁশ মাটিতে গম ভাল হয়।
- অধিক ফলের জন্য গমের আধুনিক জাত যেমন- বারি গম ২৫, ২৮, ৩০, ৩২, ৩৩ বপন করতে হবে।
- বীজ বপনের আগে অনুমোদিত ছত্রাকনাশক দ্বারা বীজ শোধন করে নিতে হবে।
- বীজ বপনের ১৯ দিনের মধ্যে প্রথম সেচ প্রয়োজন এবং এরপর প্রতি ৩০-৩৫ দিন পর ২ বার সেচ দিলে খুব ভাল ফলন পাওয়া যায়।

ভূট্টা:

- এলাকা উপযোগী ভূট্টার জাত নির্বাচন ও উত্তমরমপে জমি তৈরি করে হাইব্রিড জাতের ভূট্টার বীজ বপন করমন।

তেল ও ভাল ফসল:

- কার্তিক মাস সরিয়া চাষের উপযুক্ত সময় সরিয়া চাষের জন্য স্বল্পজীবন কালীন জাত বারি সরিয়া-১৪, ১৭, ১৮ ও বিনা সরিয়া-৪, ৯, ১০, ১১ চাষ করতে পারবেন।
- সরিয়া ছাড়াও অন্যান্য তেল ফসল যেমন- তিল, তিসি, চিনাবাদাম, সূর্যমুখী এ সময় চাষ করা যায়।
- বন্যার পানি নেমে গেলে মসুর, খেসারী চাষ করমন। উপযোগিতা অনুসারে বিনা চাষে ও স্বল্প চাষে বীজ বপন করা যেতে পারে।

আলু ও মিষ্ঠি আলু:

- এ মাস আলুর জন্য জমি তৈরি ও বীজ বপনের উপযুক্ত সময়।
- ভাল ফসলের জন্য বীজ আলু হিসেবে যে জাতগুলো উপযুক্ত তা হলো- ভায়মন্ড, কার্ডিনাল, প্যাট্রেনিজ, হীরা, মরিণ, অরিগো, আইলশা, ক্লিওপেট্রা, গ্রানোলা, বিনেলা, কুফরী সুন্দরী, বারি আলু-১৩, ৬২, ৭৬, ৭৮, ৭৯, ৮১, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১ ইত্যাদির মধ্যে এলাকা উপযোগী যে কোন জাত চাষ করতে পারেন।
- বন্যার পানি নেমে যাওয়ার সাথে সাথে বিনা চাষে মালচিং দিয়ে আলু আবাদ করা যায়।
- বেলে দো-আঁশ প্রকৃতির মাটিতে মিষ্ঠি আলু ভাল ফলন দেয়।
- মিষ্ঠি আলুর জাত হচ্ছে- তৃষ্ণি, কমলা সুন্দরী, দৌলতপুরী, বারি মিষ্ঠি আলু-৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭।

শাকসবজি:

- শীতকালীন শাকসবজি চাষের উপযুক্ত সময় এখন।
- যত তাড়াতাড়ি সম্ভব বীজতলায় উন্নতজাতের দেশি-বিদেশী ফুলকপি, বাঁধাকপি, ওলকপি, শালগম, বাটিশাক, টমেটো, বেগুন এসবের চারা উৎপাদনের জন্য বীজতলায় বীজ বপন করতে হবে।
- এ মাসে হঠাৎ বৃষ্টিতে রোপনকৃত শাকসবজির চারা নষ্ট হতে পারে। এ জন্য পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
- তাছাড়া লালশাক, মূলশাক, গাজর, মটরশুটির বীজ এ সময় বপন করতে পারেন।

অন্যান্য ফসল:

- কন্দ পেয়াজ লাগানোর এখনই উপযুক্ত সময়। উত্তমরমপে জমি তৈরি করে এলাকা উপযোগী উন্নতজাতের পেয়াজের কন্দ রোপন করমন।
- অন্যান্য ফসলের মধ্যে এ সময় রসুন, মরিচ, ধনিয়া, কুসুম, জোয়ার এসবের চাষ করা যায়।
- সাথী বা মিঞ্চ ফসল হিসেবেও এসবের চাষ করে অধিক ফলন পাওয়া যায়।
- উপযোগীতা অনুসারে বিনা চাষে রসুন লাগাতে পারেন।

তাছাড়া কৃষির যেকোন সমস্যায় উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে বা কৃষক বন্দু সেবার ৩৩৩১ নম্বরে কল করে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারে।